স্বরূপানন্দ সঙ্গীত
স্বরলিপি
প্রথম খণ্ড

স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি

(প্রথম খণ্ড)

প্রথম সংস্করণ
১লা বৈশাখ, ১৪১০ বঙ্গাব্দ
১৫ই এপ্রিল, ২০০৩ খৃষ্টাব্দ

দ্বিতীয় সংস্করণ
আগমনী উৎসব- ১৪২৫ বঙ্গাব্দ
০৬/১০/১৪২৫ বঙ্গাব্দ

—নায়মাত্মা বলহীনের লভ্যঃ—
—ভিক্ষায়াং নৈব নৈব চ—

অযাচক আশ্রম — বাংলাদেশ
কেন্দ্রীয় কার্যালয়
রহিমপুর, ডাক— মুরাদনগর, কুমিল্লা—৩৫৪০, বাংলাদেশ

ধর্মার্থ শুল্ক ঃ ১২০/- (একশত বিশ) টাকা [মাশুলাদি স্বতন্ত্র]

মুদ্রণ সংখ্যা ঃ ১০০০ (এক হাজার) সংখ্যা [December 2019]

প্রকাশক ঃ ডাঃ যুগল ব্রহ্মচারী
আশ্রম প্রধান
অযাচক আশ্রম–বাংলাদেশ
কেন্দ্রীয় কার্যালয়
রহিমপুর, মুরাদনগর, কুমিল্লা।

প্রকাশ কাল ঃ শুভ আগমনী-১৪২৫ বঙ্গাব্দ

অক্ষর বিন্যাস ঃ বর্ণবন্ধন কম্পিউটার, ১২ কে এম দাস লেন, ঢাকা।

মুদ্রণে ঃ মৈত্রী প্রিন্টার্স, ফকিরাপুর, ঢাকা।

–ঃ প্রাপ্তিস্থান ঃ–

❋ অযাচক আশ্রম–বাংলাদেশ কেন্দ্রীয় কার্যালয়, রহিমপুর
মুরাদনগর, কুমিল্লা-৩৫৪০।
ফোন ঃ ০৮০২৬-৫৬১৮০, ০১৭৫৮-৪০৯৬৯৬, ০১৮১৯-৮০০৫১১

❋ অযাচক আশ্রম–বাংলাদেশ-পুণ্যজন্মস্থান কার্যালয়,
পুরান আদালত পাড়া, চাঁদপুর-৩৬০০। ফোন ঃ ০৮৪১-৬৫১৮০

❋ বাংলাদেশ অখণ্ডসংগঠনের সকল আঞ্চলিক ও জেলা শাখা।

❋ অযাচক আশ্রম–বাংলাদেশ কর্তৃক অনুমোদিত সকল অখণ্ডমণ্ডলী।

✯ ডাকযোগে পুস্তক নিতে হলে অগ্রিম ডাক-মাশুলসহ ধর্ম্মার্থ শুল্ক অযাচক আশ্রম-বাংলাদেশ, কেন্দ্রীয় কার্যালয় ঠিকানায় যোগাযোগ করুন। অন্য ঠিকানায় নহে।

প্রথম সংস্করণের
নিবেদন

সঙ্গীত এই জগতে বিধাতার শ্রেষ্ঠ দান। সৎ সঙ্গীত মানব জীবনের দিব্য প্রেরণা। এ প্রসঙ্গে মানব জীবনের মানোন্নয়নে নিবেদিত জগতের শ্রেষ্ঠতম চিন্তানায়ক, গবেষক, জগৎ কল্যাণে আত্মোৎসর্গকারী মহামানব অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীমৎ স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব বলেন, "সঙ্গীত যখন অভ্যুদয়ের সহায়তা করে, তখনই ইহা স্বর্গীয় বস্তু। সঙ্গীত যখন পতন-পথের পিচ্ছিলতা বর্দ্ধিত করে, তখন ইহা নারকীয়। সঙ্গীত যখন ভক্তের কণ্ঠে স্ফুরিত হয়, তখন ইহা স্বর্গীয়। সঙ্গীত যখন অভক্তের কণ্ঠে স্ফুরিত হয়, তখন ইহা হয় মর্ত্ত্য, নয় নারকীয়। যে দেশ স্বর্গীয় সঙ্গীতে পূর্ণ, সে দেশে স্বর্গীয় মানবের আবির্ভাব সহজে হয়।" এ দেশের ইতিহাস এ উক্তির যথার্থ প্রমাণ। একদিন এ দেশের আকাশ-বাতাস আউল-বাউল ফকির হতে আরম্ভ করে উচ্চতম কোটির সাধক-মহাত্মাদের কণ্ঠ-নিসৃত উচ্চতম ও মহত্তম ভাবের সঙ্গীতে পূর্ণ ছিল। সেদিন এদেশে আজকালকার সহজায়ত্ত্ব সুখভোগের সুযোগ ছিল না কিন্তু মনে ছিল সে শান্তি, প্রাণে ছিল সে নিশ্চিন্ততা, যার তুলনায় আজকের জগতের সমুদয় ভোগ-সুখের একত্র সমাবেশও নিতান্ত অকিঞ্চিৎকর। যদিও পাশ্চাত্যের ভোগ-সুখে অভ্যস্ত আমরা অনেকেই এ সরল সত্যকে স্বীকার করার সৎ সাহস আজ আর রাখি না, তবুও হাতের কাছে এত বিলাস-ব্যসন, ভোগের এত প্রচণ্ড উন্মত্ততার মধ্যেও মনটি যখন অভ্যস্ত ভোগাকাঙ্খার অতিরিক্ত কোন মহৎ প্রেরণা লাভের জন্য উদাস হয়ে যায়, অথবা মনের নিভৃততম কন্দরে যখন উচ্চভাবসমৃদ্ধ সঙ্গীতের জন্য ব্যাকুলতা অনুভব করি, তখনই তা' আমাদের একথাই স্মরণে করিয়ে দিয়ে যায় যে, আমরা সে পূর্ব্বপুরুষগণের রক্তপ্রবাহেরই ধারক যাঁরা অতি সাধারণ জীবনেও মহাভাবের পরশ পেয়েছিলেন, জীবনের শত সুখ-দুঃখের মাঝেও শান্তি ও নিশ্চিন্ততাকে লাভ করেছিলেন।

লোকগুরু অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীমৎ স্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের কর্ম্মময়, দৃশ্যতঃ বিশ্রামহীন, জীবনেও এ সাধক-বলিষ্ঠের অন্তরে মহত্তম ভাবের যে নিত্য প্রবাহ জীবন্ময় বয়ে চলেছিল তা'র স্বাক্ষী হয়ে আছে তাঁর বিপুল সঙ্গীত সম্ভার। সঙ্গীত সংরক্ষণের জন্য তিনি কখনও চেষ্টা করেন নি, ফলে তাঁর রচিত সঙ্গীতের অধিকাংশই চিরদিনের জন্য হরিয়ে গেছে।

১৩২৯ বঙ্গাব্দ হতে ১৩৪৮ বঙ্গাব্দ পর্যন্ত সময় কালে পরমপূজ্যপাদ শ্রীশ্রীঅখণ্ডমণ্ডলেশ্বর মুখ্যতঃ বৃহত্তর কুমিল্লা জেলা এবং বাংলার পল্লীর পর পল্লী ভ্রমণ করে মানুষের মনকে কল্যাণমুখী করেছিলেন। সে সময়ে আলোচনা বা বক্তৃতার সময়ে মাঝে মধ্যে অনেক সঙ্গীত, অনেক কবিতা তাঁর শ্রীমুখ নিঃসৃত হত যা সাধারণতঃ শ্রোতৃমণ্ডলী মন্ত্রমুগ্ধ হয়ে শুনতেন আর অপরিসীম আনন্দানুভব করতেন। পরে মনে হ'ত যে, যে অমৃত সুধা পান করা হল তা' ত আর ঠিক ঠিক স্মরণ করা যাচ্ছে না। এরই মধ্যে কখনও ২/১ জন শ্রোতা ভবিষ্যতের কথা ভেবে সঙ্গীত বা কবিতা টুকে রাখতেন। এগুলিই আজকের বিশাল স্বরূপানন্দ সঙ্গীতের বৃহত্তর অংশ।

সঠিক সুর, লয় ও ছন্দ, সৎ সঙ্গীতের অপরিহার্য্য অঙ্গ। ঝড়ের বেগে সারাটী জীবন কাজ করে গেলেও শ্রীশ্রীস্বরূপানন্দজীর দৃষ্টিতে তা' উপেক্ষিত হয় নি। তিনি নিজে অনেক সঙ্গীতের সুরারোপ করে গেছেন। স্বরূপানন্দ সঙ্গীতের সঠিক সুর সংযোজনার বিষয়ে শ্রীশ্রীস্বরূপানন্দ-অনুজ পুণ্যশ্লোক স্বর্গীয় সুখময় গঙ্গোপাধ্যায়ের অবদান অপরিসীম। ভারতময় সঙ্গীতের স্বীকৃতির হাতছানিকে উপেক্ষা করে এ সঙ্গীতরত্ন ভবিষ্যৎ প্রজন্মের কল্যাণ কামনায় তাঁর অগ্রজ শ্রীশ্রীস্বরূপানন্দজীর অনুমতি ও তত্ত্বাবধানে স্বরূপানন্দ সঙ্গীতের সুরারোপ, স্বরলিপি প্রণয়নে আত্মনিয়োগ করে স্বেচ্ছাবৃত দারিদ্রকে বরণ করেছিলেন। অতীব দুঃখের বিষয় এ সুদীর্ঘ কঠোর আত্মোসর্গের সুফল আজও সাধারণের কাছে পৌঁছেনি।

অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পরমহংসদেব রহিমপুর আশ্রম প্রতিষ্ঠার পর যখন কিয়ৎকাল রহিমপুরকে কেন্দ্র করে তাঁর কর্ম্মযজ্ঞ পরিচালনা করছিলেন, তখন ভক্তগণকে সমবেত উপাসনা ও স্বরূপানন্দ সঙ্গীতের শুদ্ধ সুর শিক্ষার জন্য কতিপয় সুরজ্ঞ কর্ম্মীকে দায়িত্ব প্রদান করেন। এর মধ্যে মোচাগড়ার শ্রী অমূল্য দেব রায়ের নাম উল্লেখযোগ্য। বিহারমণ্ডলের স্বর্গীয় লাল মোহন বীর মহোদয়ও এ সুর শিক্ষায় বিশেষ অবদান রাখেন। শুদ্ধ সুরের বিষয়ে শ্রীশ্রীস্বরূপানন্দজী এতই সচেতন ছিলেন যে উপাসনার শুদ্ধ সুর শিক্ষার সহায়তাকল্পে বৃটিশ শাসনামলেই তিনি উপাসানার প্রথম গ্রামোফন

রেকর্ড প্রকাশ করেছিলেন। ইংরেজী সত্তুরের দশকে উপাসনার অংশ বিশেষের রেকর্ড পুনরায় প্রকাশিত হয় এবং ইংরেজী আশির দশকের প্রথম ভাগে বর্তমানে প্রচলিত সমবেত উপাসনার লং-প্লেয়িংষ্টিরিও রেকর্ড প্রকাশিত হয়। সমবেত উপাসনার স্বরলিপি প্রণয়ন এতদ্বিষয়ক বিশেষ উল্লেখযোগ্য ঘটনা।

এদেশে শ্রীশ্রীস্বরূপানন্দ পরমহংসদেবের দীর্ঘ অনুপস্থিতিকালে অনেক স্বরূপানন্দ সঙ্গীতের সুর হারিয়ে গিয়েছিল। সে হারিয়ে যাওয়া সুরকে যতদূর সম্ভব পুনরুদ্ধারে ব্রতী হওয়ার জন্য শ্রীশ্রীঅখণ্ডমণ্ডলেশ্বর আমার প্রয়াত পিতৃদেব, শ্রীশ্রীস্বরূপানন্দের অশেষ করুণাধন্য, স্বর্গীয় সুধীর রঞ্জন সরকার মহোদয়কে অনুগ্রহপূর্ব্বক নির্দ্দেশ প্রদান করেন। সে সকল হারিয়ে যাওয়া সুরের বিষয়ে তিনি স্বরলিপির মাধ্যমে শ্রীশ্রীগুরুদেবের সঙ্গে যে পত্রযোগাযোগ রক্ষা করেছিলেন, এদেশে স্বরূপানন্দ সঙ্গীতের স্বরলিপি প্রণয়নের সম্ভবতঃ তা'ই প্রথম উদ্যোগ। ১৯৭১ ইং তে এদেশের মুক্তিযুদ্ধকালে পাক ফৌজের হাতে আমার পূজনীয় পিতৃদেবের প্রয়াণ এবং অন্য সকল সম্পদের সঙ্গে স্বরূপানন্দ সঙ্গীত বিষয়ক এ সকল মূল্যবান কাগজ বিনষ্ট হওয়ায় সে মহামূল্য সেবা হতে আমরা বঞ্চিত হলাম।

বাংলার বিভিন্ন অঞ্চলে স্বরূপানন্দ সঙ্গীতের প্রচার প্রসারে আমার পূজনীয় পিতৃদেব ছাড়াও যাঁরা বিশেষ অবদান রেখেছেন বা রেখে চলেছেন তাঁদের মধ্যে শ্রীহট্টের স্বর্গীয় অবনী মোহন রায়, ব্রাহ্মণবাড়ীয়ার চান্দুরার শ্রী অমৃত লাল চক্রবর্ত্তী, শ্রী সুরেন্দ্র চন্দ্র দেবনাথ, নোয়াখালী মান্দারীর শ্রীমনোহরণ কুরী, এ গ্রন্থের স্বরলিপি প্রণেতা পণ্ডিত শ্রী পরেশ চন্দ্র কুরী এবং চট্টগ্রামের আমার শ্রদ্ধাভাজন অগ্রজ শ্রী জীবন সরকার মহোদয়বৃন্দের নাম বিশেষ উল্লেখযোগ্য।

শ্রী পরেশ চন্দ্র কুরী এদেশের রাগ সঙ্গীত চর্চ্চার জগতে এক সুপরিচিত নাম। তিনি স্বরূপানন্দ সঙ্গীতের স্বরলিপি প্রণয়ণের যে উদ্যোগ নিয়েছেন তা' স্বরূপানন্দ সঙ্গীত চর্চ্চার জগতে একটি উজ্জ্বল ফলক হয়ে থাকবে বলে বিশ্বাস করি। আজ বিভিন্ন স্থানে একই স্বরূপানন্দ সঙ্গীত বিভিন্ন সুরে পরিবেশিত হয়। স্বরূপানন্দ সঙ্গীত পরিবেশনার মান সঠিকভাবে সংরক্ষণের জন্য যোগ্যজনদের সমন্বয়ে একটি **"কেন্দ্রীয় স্বরূপানন্দ সঙ্গীত সুর নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ"** গঠন যুগের দাবী। এ স্বরলিপি গ্রন্থের প্রকাশ চিন্তাশীল অখণ্ডগণকে এ বিষয়ে উদ্বুদ্ধ করবে এবং সহসাই এ বিষয়ে অখণ্ড সংঘের নেতৃবৃন্দকে এতদ্বিষয়ক পদক্ষেপ গ্রহণে সহায়তা করবে বলে আশা করি। যতদিন কোন কেন্দ্রীয় কর্তৃপক্ষের তত্ত্বাবধানে স্বরূপানন্দ সঙ্গীত চর্চ্চার দ্বার উন্মোচিত হবে না, ততদিন এই স্বরলিপি গ্রন্থ স্বরূপানন্দ সঙ্গীত সেবীদের পথের দিশা হয়ে থাকবে।

শ্রীগুরুকৃপায় ৪১ টি স্বরূপানন্দ-সঙ্গীত নিয়ে প্রথম স্বরলিপি গ্রন্থটি প্রকাশিত হল। তাঁর কৃপায় এ সেবা আরও বিস্তৃত করার আশা রাখি। এ গ্রন্থটি সঙ্গীতানুরাগীদের সেবায় লাগবে এ আশায় এর প্রকাশনায় ব্রতী হলাম।

শ্রীগুরু করুণাময়। ইতি ১লা বৈশাখ ১৪১০ বঙ্গাব্দ। ইতি–

নিবেদক–
ডাঃ যুগল ব্রহ্মচারী

অযাচক আশ্রম
রহিমপুর ডাক ঃ মুরাদনগর
কুমিল্লা - ৩৫৪০

দ্বিতীয় সংস্করণের

নিবেদন

পরমপূজ্যপাদ গুরুদেব অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীমৎ স্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের অপার অনুগ্রহ "স্বরূপানন্দ সঙ্গীত"। স্বরূপানন্দ সঙ্গীতের সরল ভাষা, ভাবের গভীরতা, মধুরতম সঙ্গীত-রস-প্রকাশক সুর-সংযোজনার উপযোগী শব্দবিন্যাস এর কারণে এ সঙ্গীত সাধক, দেশসেবক, আত্মগঠনেচ্ছু সুর-রসিকগণের নিকটে অত্যন্ত জনপ্রিয়। দীর্ঘদিন হতে এ সঙ্গীত সমূহ ভক্ত গায়কগণের অনুশীলনের দ্বারাই ধীরে ধীরে প্রচার-প্রসার লাভ করে আসছে। এ অনুপম সঙ্গীতসমূহের মান নিশ্চিত করার লক্ষ্যে অযাচক আশ্রম-বাংলাদেশ ও বাংলাদেশ অখণ্ড সংগঠনের সেবকবৃন্দ স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি - প্রথম খণ্ড প্রকাশে উদ্যোগী হন। মোট ৪১ টি অনুপম সঙ্গীতের স্বরলিপি নিয়ে ১৪১০ বঙ্গাব্দে এ স্বরলিপি প্রকাশিত হলে তা অতি দ্রুত জনপ্রিয়তা লাভ করে। স্বল্প-সময়ের মধ্যে মুদ্রিত গ্রন্থ নিঃশেষিত হয়ে গেলেও বিভিন্ন সীমাবদ্ধতার কারণে বিপুল চাহিদা সত্ত্বেও এ স্বরলিপি-গ্রন্থ পুনর্মুদ্রণ করা সম্ভব হয় নি। ইতোমধ্যে স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি - দ্বিতীয় খণ্ড প্রকাশিত হয়।

স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি - প্রথম খণ্ড প্রথম সংস্করণের সূচনায় প্রকাশিত অখণ্ড সংঘের সংঘ-সঙ্গীত - "অখণ্ড-সঙ্গীত" এর স্বরলিপি বাংলাদেশে প্রচলিত সুর অনুসারে মুদ্রিত হয়েছিল। পরবর্তী সময়ে পরমপূজ্যপাদ শ্রীশ্রীবাবামণির সুরে তাঁর কনিষ্ঠ ভ্রাতা, স্বরূপানন্দ-সঙ্গীত-ঘরানার উজ্জ্বলতম নক্ষত্র পূজ্যপাদ সঙ্গীত বিশারদ সুখময় গঙ্গোপাধ্যায় কৃত "অখণ্ড-সঙ্গীত" এর স্বরলিপি আমরা লাভ করি। স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি - প্রথম খণ্ড দ্বিতীয় সংস্করণে আমরা এই স্বরলিপি গ্রন্থের প্রথম সংস্করণে প্রকাশিত "অখণ্ড-সঙ্গীত" এর স্বরলিপি স্থলে পূজ্যপাদ সঙ্গীত বিশারদ সুখময় গঙ্গোপাধ্যায়কৃত স্বরলিপি প্রতিস্থাপন করলাম। স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি - প্রথম খণ্ড প্রথম সংস্করণে প্রকাশিত অন্যান্য সঙ্গীতের স্বরলিপি দ্বিতীয় সংস্করণে হুবুহু প্রকাশিত হল।

স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি - প্রথম খণ্ড পুনর্মুদ্রণে স্বরূপানন্দ সঙ্গীতানুরাগীগণের দীর্ঘদিনের চাহিদা পুরণ করতে পেরে আমরা নিজেদের ধন্য জ্ঞান করছি।

এই সঙ্গীত-স্বরলিপি গ্রন্থটি উচ্চতম ভাবের ধারক স্বরূপানন্দ সঙ্গীতের প্রচার-প্রসারে সহায়ক হয়ে আচার্য্যবরিষ্ঠ শ্রীশ্রীস্বরূপানন্দ কাঙ্খিত দেবমানব-সমাজ গঠনে সহায়ক হোক এই প্রার্থনা। ইতি- শুভ উত্তরায়ণ সংক্রান্তি ৩০ শে পুণ্য পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ।

অযাচক আশ্রম-বাংলাদেশ
কেন্দ্রীয় কার্যালয়
গ্রাম: রহিমপুর, ডাক: মুরাদনগর
কুমিল্লা, বাংলাদেশ

নিবেদক
যুগল ব্রহ্মচারী
আশ্রম প্রধান
অযাচক অশ্রম-বাংলাদেশ

আকার-মাত্রিক স্বরলিপি অনুসরণ-পদ্ধতি

সপ্তক - স র গ ম প ধ ন ।

(ক) উদারা সপ্তক ঃ সুরের নীচে হসন্ত, যথা –ন্, ধ্, প্ ইত্যাদি ।

(খ) মুদারা সপ্তক ঃ সুরের উপরে বা নীচে কোন চিহ্ন থাকে না, যথা–স, র, গ, ম, প ইত্যাদি ।

(গ) তারা বা তার সপ্তক ঃ সুরের মাথায় রেফ থাকে, যথা–র্স, র্র, র্গ, র্ম ইত্যাদি ।

(ঘ) কোমল পর্দা – শুদ্ধ র - কোমল ঋ, শুদ্ধ গ - কোমল জ্ঞ, শুদ্ধ ম-কড়ি হ্ম,
শুদ্ধ ধ - কোমল দ, শুদ্ধ ন - কোমল ণ ।

মাত্রা – স্বরের ডান পার্শ্বে 'া' আকার তাকলে সেই স্বরটি এক মাত্রা বোঝায় ; –সা, রা, গা প্রভৃতি । এখানে সা, রা, গা–প্রত্যেকটি একটি মাত্রা ।

দুই স্বর একত্রে বসিয়ে শেষে আকার দিলে সেই দুই স্বর মিলে এক মাত্রা বোঝাবে ।

যেমন, সরা, গমা, পধা । এইরূপ তিনটি স্বর বা চার স্বরের শেষে আকার দিলে যথা–সরগা এবং সরগমা–এই উভয় ক্ষেত্রে একটি করে মাত্রা বোঝাবে ।

কোন একটি স্বরকে দুই মাত্রা বা ততোধিক মাত্রা বোঝাতে হলে স্বরের সঙ্গে আকার ও পরে মাত্রা সংখ্যা অনুযায়ী আকার বসাতে হবে । যেমন সা = ১ মাত্রা, সা-া = ২ মাত্রা, সা -া -া = ৩ মাত্রা ইত্যাদি । কোন স্বরের পর 'ঃ' থাকলে তাকে অর্ধমাত্রা বুঝতে হবে । যথা –সঃ রঃ, গঃ ইত্যাদি । কোন স্বরের শেষে একটি আকার ও পরে 'ঃ' দিলে সেই স্বরটিকে দেড়মাত্রা বুঝতে হবে । যেমন সাঃ, রাঃ প্রত্যেকটি ১½ মাত্রা ।

স্পর্শ স্বর – মুখ্য স্বরের বাম বা ডান পার্শ্বের মাথায় ছোট অক্ষরে স্পর্শ স্বর লেখা হয় ; যথা –^র^সা, ^র^গা, ^ম^পা, ধা^ণ^ ইত্যাদি ।

তালের বিভাগ ঃ তালের আরম্ভ I এইরূপ চিহ্ন এবং তালের প্রত্যেক বিভাগের পর একটি সাধারণ দাঁড়ি 'া' ও তালটি সম্পূর্ণ হলে একটি I এইরূপ চিহ্ন বসে ।

স্বরলিপি বা তালের শুরুতে, অস্থায়ীর (স্থায়ী) শেষে অন্তরার শুরুতে ও শেষে এবং সঞ্চারীর প্রথমে `II' এইরূপ চিহ্ন বসে । স্বরলিপির শেষে `II II' এইরূপ চিহ্ন বসে । অস্থায়ী ও অন্তরার শেষে আবার অস্থায়ীর মুখে ফিরে যেখানে স্বরের মাথায় ছোট '।।' দু'টি দাঁড়ি থাকে সে পর্যন্ত গিয়ে তা পর অন্তরা বা সঞ্চারীতে যেতে হয় ।

মীড়ের চিহ্ন ঃ স্বরের নীচে এই "‿" বা মাথায় "⁀" চিহ্ন থাকলে সেখানে মীড়ের কাজ বোঝাবে ।

স্বর পুনরাবৃত্তি ঃ '{ }' গুম্ফ বন্ধবী ও '( )' বক্র বন্ধনী । মধ্যস্থিত স্বর বা স্বরগুলো গুম্ফ বন্ধনীর পুনরাবৃত্তি করতে হয় এবং বক্র বন্ধনীর দ্বারা চিহ্নিত স্বর বা স্বরগুলো পুনরাবৃত্তিকালে বাদ দিতে হয় । যথা– {সা রা গা মা} ; এখানে সা, রা, গা, মা এই ৪টি স্বর পুনরাবৃত্তি করতে হবে । আবার গুম্ফ বন্ধনীর মধ্যে কোন অংশ বক্রবন্ধনীর মধ্যে থাকলে সেই অংশ পুনরাবৃত্তিকালে বাদ দিয়ে গাইতে হবে । যেমন { সা রা (গা মা)} ; এখানে গা ও মা পুনরাবৃত্তিকালে বাদ যাবে । আবার এই সময় যদি বাদ দেওয়া স্বরের বদলে দ্বিতীয়বার অন্য কোন স্বর লাগাতে হয়, তাহলে সেই স্বরগুলো বক্র বন্ধনীর মাথায় '[ ]' এইরূপ সরল বন্ধনী দিয়ে তার ভিতর লিখতে হবে । যথা –
[ন্া সা]
{ সা রা (গা মা) }, এখানে প্রথম বারে সা রা গা মা ও দ্বিতীয়বারে সা রা ন্া সা গাইতে হবে ।

–স্বরলিপিকার

স্বরলিপিকারের নিবেদন

"যাহার কণ্ঠে আমার প্রভুর গান
তাহারে করিনু সমস্ত মোর দান"

উপরে উল্লেখিত শ্রীশ্রীবাবামণির (অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের) শ্রী হস্ত রচিত গানের একটি কলির মধ্যেই যেন আমার মনের কথাটি বলা হয়েছে। সুরের মোহিনী শক্তির মাধ্যমে বিশ্ববাসীকে একই সূত্রে গেঁথে এক অভিন্ন মানব জাতিকে দেব মানবে উন্নিত করার মহাশক্তি এই সংগীতের রয়েছে। স্বরূপানন্দ সংগীতের প্রতি কবে থেকে কেমন করে যে মনের অগোচরে আকৃষ্ট হয়েছি তা সঠিক বলা না গেলেও শুধু এইটুকু মনে পড়ে আমি যখন দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীতে পড়ি (১৯৫৪/৫৫ সালে) তখন থেকেই আমার পিতৃদেব স্বর্গীয় শ্রীদেবেন্দ্র কুমার কুরীর হাত ধরে নোয়াখালী জেলার বিভিন্ন অখণ্ডমণ্ডলীর অনুষ্ঠানে যেতাম এবং সেখানে শুনতাম আমার বাবা ও মামার (শ্রী মনোহরণ কুরীর) কণ্ঠে –"কৈ হে আমার প্রাণের মানিক, দূর কর এই গভীর আঁধার, হৃদয় মূলে দাঁড়াও খানিক" ও "মাটির খাঁচা এই দেহটা ভাংতে লাগে কতক্ষণ" প্রভৃতি স্বরূপানন্দ সংগীতগুলি। তখন স্বরূপানন্দ সংগীত গাওয়ার রীতি ছিল এমন যে, প্রথমে মূল গায়ক হারমনিয়াম বাজিয়ে গানের একটি কলি গেয়ে যেতেন এবং মৃদঙ্গ মন্দিরা বাদকসহ অন্যরা একই কলির দোহারি করতেন। অনেকটা পদাবলী কীর্ত্তনের মত। অবশ্য গানের বই দেখে একজন পদগুলি গাওয়ার আগে আগে বলে দিতেন এবং একাজটি করতেন আমার পিসে মশাই ডাঃ শ্রী বীরেন্দ্র কুমার কুরী মহাশয়। এসকল অনুষ্ঠানে গানে কণ্ঠ দেয়ার জন্য বড়দের মাঝে আমিই ছিলাম একমাত্র শিশুশিল্পী। যেখানেই অখণ্ডানুষ্ঠান হতো বাবা আমাকে নিয়ে যেতেন এবং আমিও যাওয়ার জন্য জেদ ধরতাম।

পরবর্তীকালে তদানিন্তন পাকিস্তান আমলেই স্বরূপানন্দ সংগীতগুলি একককণ্ঠে বিভিন্ন অখণ্ডানুষ্ঠান ও চরিত্রগঠন আন্দোলনের সভাগুলিতে গীত হয়েছে এবং এ ব্যাপারে রহিমপুর অযাচক আশ্রমাধ্যক্ষ ডাঃ শ্রী যুগল ব্রহ্মচারীর পিতা স্বর্গীয় সুধীর রঞ্জন সরকার মহোদয় মুখ্য ভূমিকা পালন করেন।

১৯৬৫ ইং সনে আমি চট্টগ্রাম আসার পর চট্টগ্রাম অখণ্ড মণ্ডলীর সাথে জড়িয়ে যাই। তখন বিভিন্ন অখণ্ডানুষ্ঠানে স্বরূপানন্দ সংগীত পরিবেশন করতাম । সংগীতে আমার কোন যোগ্যতা না থাকা সত্ত্বেও প্রয়োজনের তাগিদে নিজেকে শ্রীশ্রীবাবামণির শ্রী চরণে সঁপে দিয়ে 'মন্দির' বইখানা থেকে কিছু কিছু গান বাবামণির নির্দেশিত রাগে সুর করে গাইতে শুরু করি। তারপর সংগীতে প্রাতিষ্ঠানিক শিক্ষার সাথে সাথে শ্রীশ্রী বাবামণির গানগুলি মনের মধ্যে স্থান করে নিতে শুরু করে এবং ১৯৬৮ ইং সনে তদানিন্তন রেডিও পাকিস্তান চট্টগ্রাম কেন্দ্রে ভক্তিমূলক গানের অডিশন দিতে গিয়ে শ্রীশ্রীস্বরূপানন্দ রচিত ভৈরবী সুরে "মা হয়ে তুই আয়" গানখানি গেয়েছিলাম।

স্বরূপানন্দ সংগীতের স্বরলিপি করার জন্য বিভিন্ন সময়ে বহুজনের কাছ থেকে তাগিদ পেয়েছি। কারণ গানগুলি এরই মধ্যে সুধী মহলে প্রচুর জনপ্রিয় হয়ে উঠেছে। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে প্রত্যেক সম্প্রদায়ের লোক স্বরূপানন্দ সংগীতগুলি গাওয়ার জন্য আগ্রহী। গানের বাণীতে অসাম্প্রদায়িকতার যে আহ্বান বিদ্যমান সেটাই মূলতঃ মানুষকে আকৃষ্ট করছে। কিন্তু গানগুলির সঠিক কোন গায়নশৈলী ও সুর কাঠামো (স্বরলিপি) নির্ধারিত না থাকায় আমার ও বিভিন্ন সুরকারের সুরারোপিত গানগুলি শিল্পীরা নিজেরা তুলে নিয়ে পরিবেশন করে আসছেন। এসব শিল্পীরা বিভিন্ন অখণ্ডানুষ্ঠান ছাড়াও সরকারী ও বেসরকারী ভাবে আয়োজিত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে শ্রীশ্রী স্বরূপানন্দ রচিত দেশাত্মবোধক গান পরিবেশন করে বিদগ্ধ মহলে প্রচুর প্রশংসা অর্জন করেছে। এমন কি, তৎকালীন রেডিও পাকিস্তান চট্টগ্রাম কেন্দ্রে, ছোটদের অনুষ্ঠানে শ্রীশ্রীস্বরূপানন্দ রচিত দেশাত্মবোধক সংগীত "এই যে আমার সোনার দেশ" গানখানি আমার সুরে গীত হয়েছে।

ব্রহ্মচারিণী সাধনা দেবী ও ব্রহ্মচারী স্নেহময় দা "মন্দির" বইয়ের দ্বিতীয় সংস্করণে নিবেদনে লিখেছেন– "বাংলা ১৩৫৩ সালের ১৫ই আষাঢ় রথ যাত্রার দিন ২৪৭ টি গান নিয়া "মন্দির" প্রথম সংস্করণ বাহির হয়। বিভিন্ন গায়ক এই গানগুলি বিভিন্ন সুরে গাহেন বলিয়া নির্দ্দিষ্ট কোনও রাগ-রাগিনীর সংযোগ প্রায় গানেই করা হইল না। অধিকাংশ গীতই পুস্তক মুদ্রিত হইবার বহু পূর্ব্বে সাধক ও গায়কদের সমাজে সমাদরণীয় হইয়াছে।" এই বক্তব্য থেকে এটা প্রতিয়মান হয় যে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বরূপানন্দ সংগীতের গায়নশৈলী ও নির্ভরযোগ্য কোনও স্বরলিপি প্রণয়ন না করা সত্ত্বেও ভক্তগায়কের ব্যক্তিগত প্রচেষ্টায় সুরারোপিত হয়ে স্বরূপানন্দ সংগীত গীত ও প্রচারিত হয়েছে এবং এতে শ্রীশ্রীস্বরূপানন্দ কখনও নিষেধাজ্ঞা আরোপ করেননি বরং উৎসাহই দিয়েছেন। রবীন্দ্র, নজরুল, অতুল প্রসাদ ও রজনী কান্ত রচিত সংগীত সমূহের গায়ন শৈলীরও একটি ধারা আছে যা গান শুনলেই বুঝা যায় এটি কার গান। স্বরূপানন্দ সংগীতেরও একটি সুনির্দিষ্ট গায়ন শৈলী ও ধারা সৃষ্টি করা অত্যাবশ্যক।

তাই স্বরূপানন্দ সঙ্গীতের সুর ও স্বরলিপির অভিন্নতা রক্ষার্থে কেন্দ্রীয়ভাবে একটি "স্বরূপানন্দ সঙ্গীতের সুর ও স্বরলিপি প্রস্তুতকরণ কর্তৃপক্ষ" গঠন করে স্বরূপানন্দ সংগীতের গায়ন শৈলী ও ধারা সৃষ্টি করা অত্যাবশ্যক। অন্যথায়, কোন নিয়ন্ত্রণ না থাকার ফলে একইগান বিভিন্ন সুরে ও বিভিন্ন তালে গাওয়া হলে গানের মৌলিকত্ব নষ্ট হয়ে যাবে। এতে উৎসাহি স্বরূপানন্দ সংগীত শিল্পী ও শ্রোতাদের মনে হতাশা নেমে আসবে এবং স্বরূপানন্দ সংগীত প্রচার ও প্রসারে বিঘ্ন ঘটবে।

'মন্দির' বই খানাতে শ্রীশ্রীস্বরূপানন্দ কিছু কিছু গানের ব্যাপারে বিভিন্ন রাগ ও তালের উল্লেখ করেছেন। এতে বোঝা যায় যে শ্রীশ্রীস্বরূপানন্দ সংগীতগুলির সুর কাঠামো ও ধারা রাগাশ্রয়ী করার পক্ষপাতি ছিলেন। এই ধারণা প্রসূত হয়েই আমার জ্ঞান ও শিক্ষার দীনতা সত্বেও শ্রীশ্রীস্বরূপানন্দের আশীর্বাদ মাথায় নিয়ে প্রাণের তাগিদে রাগ রাগিণীর সহযোগে কিছু গানের সুর ও স্বরলিপি করার প্রয়াস পেয়েছি। শ্রীশ্রীস্বরূপানন্দ তাঁর রচিত "অখণ্ড সংহিতা" গ্রন্থে একজন ভক্তকে উপদেশ দিতে গিয়ে বলেছেন –"গাইবি তো ধ্রুপদ গাইবি" (ধ্রুব অর্থ সত্য, পদ অর্থ রচনা)। সংগীতের ভাষায় পরম সত্য স্রষ্টাকে নিয়ে যে পদ রচনা হয় সে পদ বা বাণী যখন আদি শুদ্ধ শ্রেণীভুক্ত রাগ ও উচ্চ তালাঙ্গ সহযোগে লয়কারীসহ পরিবেশন করা হয় তাহাই ধ্রুপদ গান। সেই অর্থে শ্রীশ্রীস্বরূপানন্দ রচিত কোন কোন গানকে ধ্রুপদাঙ্গ গানও বলা যেতে পারে।

স্বরূপানন্দ সংগীতের ব্যাপক প্রচারের লক্ষ্যে ১৯৮৪ সনে বাংলাদেশ সম্মিলিত অখণ্ড সংগঠনের উদ্যোগে ২ (দুই খণ্ড ক্যাসেটে প্রায় ২৪ টি গান ক্যাসেটে রেকর্ড করে প্রকাশ করা হয়েছিল। ২০০০ খৃঃ পুনরায় আমার, শ্রী জীবন সরকার ও আরও কয়েক জনের দেয়া সুরে বাংলাদেশের খ্যাতিমান শিল্পীদের কণ্ঠে অযাচক আশ্রম (বাংলাদেশ) এর উদ্যোগে চব্বিশটি গান ক্যাসেটে রেকর্ড করে প্রকাশ করা হয়েছে। তা'ছাড়াও বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে স্বরূপানন্দ সংগীতের মত উচ্চমানের সংগীত তুলে ধরার দায়-দায়িত্ব বোধ থেকে এই দুরূহ কাজটি করার জন্য প্রয়াসী হয়েছি। স্বরূপানন্দ সংগীতের সুর ও স্বরলিপি করার বিষয়ে আমাকে নানাভাবে অনুপ্রাণিত করার জন্য স্বর্গীয় শ্রী সুধীর রঞ্জন সরকার, স্বর্গীয় শ্রী ননীলাল দত্ত, স্বর্গীয় অধ্যাপক অবণী মোহন দত্ত, শ্রীমতী মণিমালা দত্ত, বিশিষ্ট বাগ্মী ও ধর্মীয় বক্তা অধ্যক্ষ শ্রী রনজিৎ কুমার চক্রবর্তী, বাংলা ব্যাকরণ বই প্রণেতা ও স্বনামধন্য অধ্যাপক স্বর্গীয় শ্রী হরলাল রায়, শ্রী অজিত কুমার মজুমদার ও শ্রী হরিদাস ভৌমিক প্রমুখের নাম শ্রদ্ধাভরে স্মরণ না করে পারছি না।

বাংলাদেশে যে কয়জন স্বরূপানন্দ সংগীত শিল্পী আছেন তাঁদের মধ্যে শ্রী জীবন সরকার অন্যতম। স্বরলিপি করার ক্ষেত্রে তিনি আমাকে যথেষ্ট সহযোগিতা ছাড়াও এ পুস্তকের কয়েকটি গানের সুরও তিনি করেছেন। এ পুস্তকের প্রুফ দেখা ও সুর সংযোজনার ক্ষেত্রে আমার ছোট ভাই শ্রী সন্তোষ রায় [উচ্চাঙ্গ যন্ত্র সংগীত শিল্পী (সেতার), বাংলাদেশ বেতার ও টেলিভিশন] যথেষ্ট সাহায্য করেছে। তা ছাড়া সে কয়েকটি গানের স্বরলিপিও করে দিয়েছে। মন্দির, মূর্চ্ছনা, মঙ্গল মুরলী ও মধুমল্লার এই ৪ খানা সংগীত গ্রন্থ এবং প্রতিধ্বনি মাসিক পত্রিকা হতে গানগুলি নেয়া হয়েছে। জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুর কর্তৃক প্রবর্তিত আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতি অনুযায়ী গানগুলির স্বরলিপি করা হয়েছে। কারণ এই পদ্ধতি বাংলাদেশে সর্বাধিক প্রচলিত। এই বইতে শ্রীশ্রী স্বরূপানন্দজীর পিতৃদেব সাধক কবি স্বর্গীয় শ্রী সতীশচন্দ্র গঙ্গোপাধ্যায় রচিত একখানা সংগীত রামপ্রসাদী সুরে স্বরলিপি করে মুদ্রিত করলাম। সুর করা কিছুটা সহজ হলেও স্বরলিপি করা কঠিন কাজ। এর জন্য চাই প্রচুর জ্ঞান, পরিশ্রম ও ধৈর্য্য। আমার তেমন কিছুই নেই তাই অজ্ঞতার কারণে এই বইতে যদি কোন ভুল-ভ্রান্তি সঙ্গীতজ্ঞদের কাছে ধরা পড়ে অনুগ্রহ করে আমার গোচরিভূত করলে পরবর্তী সংস্করণে সংশোধন করা হবে। স্বরলিপির মাধ্যমে গানের সুরের শুধু মূল কাঠামোটা দেয়া হয়েছে। কাঠামো ঠিক রেখে শিল্পী তার কণ্ঠ মাধুর্য্য দিয়ে সঠিক গায়কীর মাধ্যমে সুরালংকার সহযোগে সংগীতগুলোকে প্রাণবন্ত করে তুলবেন এই আশা করি।

পরিশেষে কৃতজ্ঞতা জানাই রহিমপুর অযাচক আশ্রমের অধ্যক্ষ ডাঃ শ্রীযুগল ব্রহ্মচারীজীকে। এ ব্যাপারে দিক নির্দেশনা দিয়ে তিনি আমাকে অনুপ্রাণিত না করলে এ কাজে অগ্রসর হওয়া আমার পক্ষে সম্ভব হতো না। এই সাথে ধন্যবাদ জানাই একনিষ্ঠ অখণ্ড কর্মী ও সংগঠক শ্রী সুব্রত সাহাকে, যার ঐকান্তিক চেষ্টায় এই বইয়ের মুদ্রণ প্রক্রিয়া সম্ভব হয়েছে। স্বরূপানন্দ সংগীত স্বরলিপির বইখানা সংগীত পিপাসু অনুরাগীদের কাছে সমাদরণীয় হলেই আমাদের শ্রম সার্থক হবে।

বিনীত নিবেদক-

১লা বৈশাখ, ১৪১০ বাংলা
১৫ই এপ্রিল, ২০০৩ খৃষ্টাব্দ

পরেশ চন্দ্র কুরী
অধ্যক্ষ, সপ্তক সংগীত মহাবিদ্যালয়, চট্টগ্রাম
কণ্ঠ শিল্পী ও সংগীত পরিচালক

"উৎসর্গ"

•

শ্রী ঁসতীশচন্দ্র গঙ্গোপাধ্যায়, শ্রীচরণ কমলেষু

হে মহান সাধক কবি, তোমারি সাধনার ফলে

আমরা পেয়েছি এই ধরাধামে

দেবে শিশু তোমার বঙ্কিমকে আচণ্ডাল ব্রাহ্মণেরে

দিতে অধিকার মহানাম প্রণব মন্ত্রে

এ'যে তোমারি তপস্যার দান মোরা ভুলি কেমনে

উৎসর্গ করিলাম মম স্বরূপানন্দ সংগীত

স্বরলিপি গ্রন্থখানা তোমারি শ্রীচরণে ॥

বিঃদ্রঃ-শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের ছোট বেলার নাম "বঙ্কিম"

অখণ্ডমণ্ডলেশ্বর
শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পরমহংসদেব

একটী অখণ্ড-সংহিতা,
একটী সমবেত উপাসনা,
একটী হরিওঁ-কীর্ত্তন,-সাত্ত্বিক বুদ্ধি
নিয়া এই তিনটীর প্রচার-প্রসার
করিলে অন্ধকার
জগৎ আলোকিত হইবে।

—শ্রীশ্রী স্বরূপানন্দ

উপহার

মন্দির
গান নং-৩৫৮

অখণ্ড সঙ্গীত

ভৈরবী - একতাল

সুর ঃ- অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীমৎ স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব
স্বরলিপি ঃ- সঙ্গীত বিশারদ সুখময় গঙ্গোপাধ্যায়

খণ্ড আজিকে হোক্ অখণ্ড
অণু-পরমাণু মিলিত হোক্ ;
ব্যথিত পতিত দুঃখী দীনেরা
ভুলুক বেদনা, ভুলুক শোক ।।

দূরে থাকা আর চলিবে না,
জগতের কাছে আছে দেনা ;
জনমে জনমে প্রাণ-বলি দিয়া
ফুটুক নয়নে বিমলালোক ।

ছোট বড় সব এক হ'য়ে যাক্,
প্রাণে প্রাণে হোক্ নব অনুরাগ,
জীবে জীবে হোক্ প্রেম-বন্ধন,
সৃষ্ট হোক্ আনন্দ-লোক ।।

অপগত হোক্ আত্ম-কলহ,
স্বার্থ-প্রসূত দুঃখ-নিবহ ;
শরণ্য হোক্ ত্যাগের মন্ত্র,
ত্যাগই অমৃত, নহেক ভোগ ।।

স্থায়ী

+				২				০				৩			
II মা	-	মা	|	মা	মা	মা	|	জ্ঞমা	পদা	পমা	|	জ্ঞরা	সরা	সণ্া	
খ	ণ্	ড		আ	জি	কে		হো০	০ক	অ০		খ০	০ণ্	ড০	
সা	ঋা	সা	|	সা	সমা	মপমা	|	জ্ঞরা	মজ্ঞা	ঋা	|	সঋা	ণ্সা	া	
অ	ণু	প		র	মা০	ণু০০		মি০	লি০	ত		হো০	০০	ক্	
সা	পা	পা	|	দা	পা	পা	|	পদা	ণা	দা	|	পা	মা	মা	
ব্য	থি	ত		প	তি	ত		দুঃ০	০	খী		দী	নে	রা	
জ্ঞা	মা	া	|	জ্ঞা	পা	মপমা	|	জ্ঞরা	মজ্ঞা	ঋা	|	সঋা	ণ্সা	া	II
ভু	লু	ক		বে	দ	না০০		ভু০	লু০	ক		শো০	০০	ক্	

অন্তরা

II জ্ঞা	মা	মা	|	ণদা	দা	ণা	|	ণর্সা	-	র্সণা	|	ঋা	র্সা	া	
ছো	ট	ব		ড়০	স	ব		এ০	ক	হ০		য়ে	যা	ক্	
ণা	ণা	র্সা	|	র্সা	ণর্সা	ঋর্সা	|	ণর্সা	ণর্সঋা	র্সণা	|	দপণদা	পা	া	
প্রা	ণে	প্রা		ণে	হো০	০ক		ন০	ব০০অ০			নু০০০	রা	গ	
জ্ঞা	পা	পা	|	ণদা	পা	া	|	পদা	ণা	দপা	|	মপা	মা	া	
জী	বে	জী		বে০	হো	ক্		প্রে০	০	ম০		ব০	ন্	ধন্	

জ্ঞা মা মা | জ্ঞমা পদা পমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সঋা ণ্সা া II
সৃ ষ ট | হো০ ০ক্ আ০ | ন০ ০ন্ দ | লো০ ০০ ক্

সঞ্চারী

II ণ্া ণ্া সা | সা জ্ঞা মা | মা মা পজ্ঞা | মা া া
দূ রে থা | কা আ র্ | চ লি বে০ | না ০ ০

জ্ঞা জ্ঞা জ্ঞা | া রা জ্ঞা | জ্ঞমা জ্ঞমজ্ঞা ঋা | সা া া
জ গ তে | র কা ছে | আ০ ছে০০দে | না ০ ০

সা পা পা | ণদা পা পা | পদা ণা দা | পা মা মা
জ ন মে | জ ন মে | প্রা০ ণ্ ব | লি দি য়া

জ্ঞা মা া | জ্ঞা পা মপমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সঋা ণ্সা া
ফু টু ক | ন য় নে০০ | বি০ ম০ লা | লো০ ০০ ক্ II

অন্তরা-২

II জ্ঞা মা মা | ণদা দা ণা | ণর্সা া র্সণা | ঋ্া র্সা র্সা
অ প গ | ত০ হো ক্ | আ০ ত্ ম০ | ক ল হ

ণা া ণা | র্সা র্সা র্সা | ণর্সা ঋ্া র্সণা | দা পা পা
স্বা র্ থ | প্র সূ ত | দু০ খ্ খ০ | নি ব হ

জ্ঞা পা া | দা পা া | পদা পদা ণদা | পা মা মা
শ র ০ | ণ্য হো ক্ | ত্যা০ গে০ ০র্ | ম ন্ ত্র

জ্ঞা মা মা | জ্ঞা পা মপমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সা ঋা ণ্সা
ত্যা গ ই | অ মৃ ত০০ | ন০ হে০ ক | ভো ০ ০গ্ II

বিঃদ্রঃ- অখণ্ড সংগীতটি যে কোন অখণ্ড অনুষ্ঠানে সভার শুরুতেই সমবেত কণ্ঠে গীত হইয়া থাকে। সংগীতটি গীত হইবার প্রাক্কালে সবাইকে দাঁড়াইয়া এই সংগীতের প্রতি সম্মান প্রদর্শন করিতে হয় বিধায় গান খানিতে কোন রূপ পুনরাবৃত্তি করিবার প্রয়োজন নাই।

মন্দির গান নং-৬

আহ্বান সংগীত

রাগ ঃ কামোদ

তাল ঃ একতাল মধ্যলয়

সুর | স্বরলিপি | পরেশ চন্দ্র কুরী

যে আছ যেখানে নিখিল ভুবনে
নিকট অথবা দূর
এস হে সকলে ; প্রাণ-ফুল-দলে
পূজা হবে শ্রীপ্রভুর ॥

হবে উপাসনা শুভ উপচারে
হৃদয়ের প্রীতি-ধন-সম্ভারে
সবারে আনিয়া সকলেরে নিয়া
হব প্রেমে ভর-পূর ॥

সকলের হৃদি স্নেহে ভ'রে দিব,
সকলের শত দুখ হ'রে নিব,
হরষ পরশে সরস দরশে
নাচিবে যে ব্যথাতুর ॥

মুছিয়া যাইবে সকল অতীত,
ঘুচিয়া যাইবে অখিল অহিত,
প্রণব-মন্ত্রে প্রাণের যন্ত্রে
মূর্চ্ছনা সুমধুর,
জীবন জাগাবে, উদ্ধার হবে
যত আছে সুরাসুর ॥

স্থায়ী

তালি-খালী চিহ্ন →		+				২				০				৩			
সুর →	II	র্সা	না	র্সা	।	ধা (ন)	ধা	পা	।	ক্ষা	পক্ষা	ধপা	।	পা	মা	মা	I
বাণী →		যে	আ	ছ		যে	খা	নে		নি	খি০	ল০		ভু	ব	নে	
বোল →	I	ধিন্	ধিন্	ধা	।	ধা	থুন্	না	।	কৎ	তে	ধাঘি	।	তেটে	ধিন্	তেটে	I
	I	সা	মা	রা	।	পা	পা	পা	।	ক্ষপা	ক্ষপা	ধপা	।	মা	-া	মা	I
		নি	ক	ট		অ	থ	বা		দূ০	০০	০০		০	০	র্	
	I	রা	গা	রা	।	গা	মধা	পা	।	মা	গা	মা	।	রা	সা	স	I
		এ	স	হে		স	ক০	লে		প্রা	ণ	ফু		ল	দ	লে	
	I	সা	মা	গা	।	পা	ক্ষা	ধা	।	পা	-া	-া	।	পা	-া	পা	II
		পূ	জা	হ		বে	শ্রী	প্র		ভু	০	০		০	০	র্	

অন্তরা

II	পা	ধা	পা	।	না	ধা	র্সা	।	র্সা	র্সা	র্সা	।	র্সা	র্সা	র্সনা	I
	হ	বে	উ		পা	স	না		শু	ভ	উ		প	চা	রে০	

I ধা না ধা । না র্সর্গা র্রা । র্সা না র্সা । ধা ধপা পা I
হৃ দ য়ে র প্রী০ তি ধ ন স ম্ ভা রে

I র্সা র্গা র্গা । র্গর্রা র্রা র্সা । র্না র্সনা র্রর্সা । ধা ধা পা I
স বা রে আ নি য়া স ক০ লে০ রে নি য়া

I সা মা গা । পা ক্ষা ধা । পা -া -া । -া -া পা II
হ ব প্রে মে ভ র পূ ০ ০ ০ ০ র্
এস হে .... শ্রীপ্রভুর ॥

সঞ্চারী

II সা সা সা । সমা মা মগা । রা রা রা । রপা পা পা I
স ক লে র হৃ দি০ স্নে হে ভ রে দি ব

I ক্ষা পা ধা । ধর্সা ধা পা । ক্ষা পক্ষা ধপা । পমা ম মা I
স ক লে র০ শ ত দু খ০ হ০ রে নি ব

I রা গা রা । গা মধা পা । মা গা মা । রা রা সা I
হ র ষ প র০ শে স র স দ র শে

I সা মা গা । পা ক্ষা ধা । পা -া -া । -া -া পা I
না চি বে যে ব্য থা তু ০ ০ ০ ০ র্

আভোগ

II পা ধা পা । নধা র্সা র্সা । র্সা র্সা র্সা । র্সা র্সা র্সনা I
মু ছি য়া য়া০ ই বে স ক ল অ তী ত০

I ধা না ধা । না র্সর্গা র্রা । র্সা না র্সা । ধা ধা পা I
ঘু চি য়া যা ই০ বে অ খি ল অ হি ত

I র্সা র্সর্গা র্গা । র্গর্রা র্রা র্সা । না র্সনা র্রর্সা । ধা ধা পা I
প্র ণ০ ব ম ন্ ত্রে প্রা ণে০ র০ য ন্ ত্রে

I সা সমা গা । পা ক্ষা ধপা । ধপা মা -া । মা -া মগা I
মূ র্ ছ না সু ম০ ধু০ ০ ০ ০ ০ ০র্

I রা গা রা । গা মধা পা । মা গা মা । রা রসা সা I
জী ব ন জা গা০ বে উ ০ দ্ধা র হ বে

I সা সমা রা । রপা ক্ষা ধা । পা -া -া । পা -া পা III
য ত আ ছে সু রা সু ০ ০ ০ ০ র্

বিঃদ্রঃ- গান খানি সমবেত কণ্ঠেও গীত হইতে পারে ।

মন্দির গান নং-৩৬০

রাগ ঃ দেশ
তাল ঃ দাদ্‌রা

সুর : সুধীর সরকার
স্বরলিপি | পরেশ চন্দ্র কুরী
কণ্ঠ | প্রদীপ চৌধুরী

আমি, তেমন মানুষ চাই,
মান-অপমান, পতন-মৃত্যু
গ্রাহ্য যাহার নাই ॥

বিভীষিকা দেখি' হয় না আর্ত্ত,
পায়ে দ'লে যায় সকল স্বার্থ,
দীন-দুঃখীরে বুকে চেপে ধরে,
পতিতেরে ডাকে "ভাই" ॥

কঠিন বুকের মাঝারে যাহার
করুণা-নির্ঝর ঝরে শতধার,
বাহিরে রুদ্র, ভিতরে শান্ত,
নির্ভীক সব ঠাঁই ॥
তাদেরি লাগিয়া পিয়াসী নয়ন।
যৌবন-ছবি করিছে চয়ন,
একবার শুধু দেখিলে যাদেরে
পাগল হইয়া যাই ॥

স্থায়ী

সা সা
আ মি

II { রা মা পা । -া না ধনা I না নর্সা র্সা । র্সা (সা সা) } I
তে ম ০ ন্ মা নুষ্ চা ০ ০ ০ ই আ মি

I পনা র্সরা র্সা । ণা ধা পা I পা মপা ধপা । মা গা রা I
মা০ ০ন্ অ প মা ন্ প ত০ ০ন্ মৃ ০ ত্যু

I রা ণা ণা । ধা পা -া I মপা ধপা মগা । রা সা সা II
গ্রা ০ হ্য যা হা র্ না০ ০০ ০০ ই "আ মি"

অন্তরা

II মা পা পা । না না নধা I না র্সা না । র্সা র্সা র্সা I
মা পা পা — কা দে খি০ — হ য় না — আ র্ ত
বি ভী ষি — কা দে খি০ — পি য়া সি — ন য় ন্
তা দে রি — লা গি য়া

I ণধা ণা র্রা । র্রা র্রা র্রা I র্রা র্সর্রা র্মর্জ্ঞা । র্রা র্রা র্সা I
পা য়ে দ — লে যা য় — স ক০ ল্ — স্বা র্ থ
যৌ উ ব — ন ছ বি — ক রি০ ছে — চ য় ন্

I পা পর্সা র্সা । র্সা নর্সা র্রা I র্সা ণা ণা । ধাপ পা পা I
দী ন দুঃ — খী রে০ ০ — বু কে চে — পে ধ রে
এ ক্ বার্ — শু ধু০ ০ — দে খি লে — যা দে রে

I রা রণা ণা । ধাপ পা পা I মপা ধপা মগা । রা সা সা II
প তি০ তে — রে ডা কে — ভা০ ০০ ০০ — ই "আ মি"
পা গ০ ল্ — হ ই য়া — যা০ ০০ ০০ — ই "আ মি"

সঞ্চারী

II রা রপা পা । পা মপা ধপা I পা মা গা । রা রা রা I
ক ঠি ন — বু কে০ ০র্ — মা ঝা রে — যা হা র্

I পমা মা মা । মা গা মা I পা মা গা । রগা রসা -া I
ক রু ণা — নির্ ঝ র — ঝ রে শ — ত০ ধা -র্

I সা রা মা । মা মা মগা I রা মা পা । ধা র্সণা ধপা I
বা হি রে — রু দ্ দ্র০ — ভি ত রে — শা ন্ ত০

I পা ধা পমা । রা মা ধা I পা -া -া । -া -া -া III
নি র্ ভী০ — ক্ স ব্ — ঠাঁ ০ ০ — ০ ০ ই

মন্দির গান নং-৩৬৩

রাগ ঃ মালকৌষ
তাল ঃ একতাল
(একটু দ্রুতলয়)

সুর
স্বরলিপি | পরেশ চন্দ্র কুরী
কণ্ঠ

হে মানুষ ! আমি
তোমারেই যেন পাই ।
তোমারেই বুকে ধরিয়া আমার
পিপাসা মিটাতে চাই ॥

বিশ্ব ও ভগবানের মাঝারে
সীমা অসীমের মহা-অভিসারে
সকল দ্বন্দ্ব ঘুচাইয়া দিতে
তুমি ছাড়া কেহ নাই ॥

তাই ত' আজিকে মানুষ হইয়া
আসিয়াছি আমি ভূতলে নামিয়া
শুধু বলিবারে,–"যত আছে জীব,
সবাই সবার ভাই ॥"

স্থায়ী

II মা র্সা র্সা । -া ণা র্সা । ণা দা মা । -া -জ্ঞা মা I
হে মা নু ষ্ আ মি তো মা রে ০ যে ন

I জ্ঞা সা -া । -া -া -া । সা ণ্দ্‌া ণ্‌া ` । সা জ্ঞা সা I
পা ই ০ ০ ০ ০ তো মা০ রে ই বু কে

I জ্ঞা মা জ্ঞমা । মদা দা মা । জ্ঞা মা দা । ণা ণর্সা দণা I
ধ রি য়া০ আ০ মা র্ পি পা সা মি টা০ তে০

I ণা র্জ্ঞা র্সা । মা জ্ঞা (দ)মা । জ্ঞা সা -া । -া -া -া II
চা ০ ই মি টা তে চা ০ ০ ০ ই ০

অন্তরা

II র্সা -া র্সা । র্সা র্সা র্সা । র্সা র্সা র্সা । ণা র্জ্ঞর্সা ণদা I

বি শ্ শ্ব ও ভ গ বা নে র্ মা ঝা০ রে০

তা ই ত আ জি কে মা নু ষ্ হ ই০ য়া০

I ণা ণা ণা । ণা ণা র্সা । দা ণা দা । র্সণা দা মা I

সী মা অ সী মে র্ ম হা অ ভি০ সা রে

আ সি য়া ছি আ মি ভূ ত লে না০ মি য়া

I দা মা দা । ণা দা ণা । র্সা ণা র্সা । র্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা I

স ক ল দ ন্ দ ঘু চা ই য়া দি তে

শু ধু ব লি বা রে য ত আ ছে জী ব্

I র্সা র্জ্ঞা র্জ্ঞা । র্জ্ঞা র্জ্ঞা র্মা । র্জ্ঞর্মা -া -া । -া র্জ্ঞা র্দর্মা I

তু মি ছা ড়া কে হ না০ ০ ০ ই কে হ

স বা ই স বা র্ ভা০ ০ ০ ই স বার্

I র্জ্ঞা র্সা -া । -া দা র্সণা । দা মা -া । -া -া -া III

না ০ ০ ই কে হ না ই ০ ০ ০ ০

ভা ০ ০ ই স বার্ ভা ই ০ ০ ০ ০

মন্দির গান নং-১৪

রাগ ঃ ভৈরবী
তাল ঃ দাদ্‌রা

সুর : গ্রামাফোন রেকর্ড হইতে সংগ্রহ
স্বরলিপি : পরেশ চন্দ্র কুরী
কণ্ঠ : শ্রীশ্রীস্বরূপানন্দ

আবাদ কত্তে মন ছিল না *
বন্ধু কে এক এসে,
"চাষার বিদ্যা শিখ্‌তে হবে"–
বল্লে হেসে হেসে।
"বজ্র-কঠিন এই পাথরে,
ফুটবে রে ফুল থরে থরে
মরুভূমির শুষ্ক বেলা
সাজবে সবুজ বেশে",–
বল্লে হেসে হেসে ॥

নিলাম কিনে ঝুড়ি, কোদাল,
চাষের বলদ, নিড়ানি, হাল,
বন্দোবস্ত নিলাম জমি
প্রাণের গভীর দেশে ॥

সেদিন থেকে পাট চলেছে,
শক্ত মাটির দম্ভ গেছে ;
বীজ-বপনের বেলায় যে গোল
–হ্রীং, ক্লীং, শ্রীং, ঐং,
হুং, রাং, ক্রীং, হং, –
বীজ-বপনের বেলায় যে গোল
লাগ্‌ল অবশেষে ॥

স্থায়ী

II{	পা	পা	পা	।	পদা	ণর্সা	র্সা	I	ণপা	পণা	ণা	।	দা	পা	-া	I
	আ	বা	দ্		ক০	০০	ত্তে		ম০	০ন্	ছি		ল	না	০	
I	জ্ঞা	পা	পা	।	পা	মা	পা	I	পা	দা	-া	।	দপা	মজ্ঞা	পমা	I
	ব	ন্	ধু		কে	এ	ক্		এ	সে	০		০০	০০	০০	
I	-া	-া	জ্ঞরা	।	মজ্ঞা	ঋঃ	[ঋ]ঃস	I	সা	-া	ঋা	।	জ্ঞমা	-া	-া	I
	০	০	চা০		ষার্	বি	দ্যা		শি	খ্	তে		হবে	০	০	
I	জ্ঞা	পা	মা	।	জ্ঞা	ঋা	মজ্ঞা	I	ঋসা	-া	-া	।	-া	-া	-া}	II
	ব	ল্	লে		হে	সে	০০		হেসে	০	০		০	০	০}	

অন্তরা

II জ্ঞা জ্ঞা মা । ণা দা ণা I ণা র্সা র্সা । র্ঋর্সা -া -া I
ব জ্ র ক ঠি ন্ এ ই পা থরে ০ ০

I ণা ণা ণা । র্সা র্সর্ঋা র্জ্ঞা I র্জ্ঞা র্ঋর্সা ণা । দপা -া -া I
ফু ট্ বে রে ফু০ ল্ থ রে ০ থরে ০ ০

I -া -া জ্ঞা । মা ণদা ণা I র্স র্সর্জ্ঞা র্জ্ঞা । র্ঋ র্সা -া I
০ ০ বজ্ র ক ঠিন্ এ ০ই পা থ রে ০

I -া -া ণা । ণা র্সা র্সর্ঋর্জ্ঞা I র্সর্ঋা র্ঋণর্সর্ঋা ণা । দপা -া -া I
০ ০ ফুট্ বে রে ফু০ল্ থ০ রে০০০ ০ থরে ০ ০

I -া -া পা । পা পা পণা I ণা ণদা দা । পদপা দপমা -া I
০ ০ ম রু ভূ মির্ শু ষ্ ক বে০০ লা০০ ০

I জ্ঞা পা মা । জ্ঞা ঋা জ্ঞা I ঋা সা -া । -া -া -া I
সা জ্ বে স বু জ্ বে শে ০ ০ ০ ০

I র্সা র্সা র্সা । র্সা ণর্সর্ঋা র্সা I ণা ধা সর্ণা । দপা -া -া I
ম রু ০ ভূ মি০০ র্ শু ষ্ ক০ বেলা ০ ০

I জ্ঞা পা পা । পা পমা পা I পা দা দা । দপা মজ্ঞা পমা I
সা জ্ বে স বু০ জ্ বে শে ০ ০০ ০০ ০০

I -া -া জ্ঞরা । জ্ঞা জ্ঞরা মজ্ঞা I ঋসা -া -া । -া -া -া II
০ ০ বল্ লে হে০ সে০ হেসে ০ ০ ০ ০ ০

সঞ্চারী

II সা সা ণ্া । দ্া দ্া ণ্া I সা সঋজ্ঞা জ্ঞা । ঃঽ জ্ঞা -া I
নি লা ম্ কি নে ০ ঝু ড়ি০০ ০ কো দাল্ ০

I -া -া রা । জ্ঞা মা পা I মপমা জ্ঞমজ্ঞা মজ্ঞা । ঋজ্ঞা ঋসা -া I
০ ০ চা যের্ ব লদ্ নি০০ ড়া০০ ০০ নি০ হাল্ ০

I জ্ঞা পা পা । পা -া দা I ণা দা ণদা । ঃপ মা -া I
ব ন্ দো ব স্ ত নি লা ম্ জ মি ০

I জ্ঞপা মা -া । জ্ঞা ঋা জ্ঞা I ঋা সা -া । -া -া -া I
প্রা০ ণে র্ গ ভী র্ দে শে ০ ০ ০ ০

আভোগ

I -া -া জ্ঞা । মা দা ণা I র্সা -া র্সা । ঋর্া র্সা -া I
০ ০ সে দিন্ থে কে পা ট্ চ লে ছে ০

I -া -া ণা । ণা র্সা র্সা I ণর্সঋর্া ঃণ ণা । দা পা -া I
০ ০ শ স্ত মা টির্ দ০০ ম্ ভ গে ছে ০

I -া -া পা । পা পা পদণা I ণা দা ণদা । পমা -া -া I
০ ০ বীজ্ ব প নে০র্ বে লা য় যেগো ল্ ০

I জ্ঞা পা মা । জ্ঞা ঋা জ্ঞা I ঋা সা -া । -া -া -া I
লা গ্ লো অ ব ০ শে ষে ০ ০ ০ ০

I দা র্সা র্সা । ঃর্র র্সর্রা র্জ্ঞা I র্রা র্সা ণা । দা পা -া I
বী জ্ ব প নে০ র্ বে লা য় যে গোল্ ০

I মা -া মা । মা -া -া I জ্ঞা -া -া । জ্ঞা -া -া I
হ্রীং ০ ০ ক্লীং ০ ০ শ্রীং ০ ০ ঐং ০ ০

I ঋা -া -া । ঋা -া -া I জ্ঞা -া -া । সা -া -া I
হুং ০ ০ রাং ০ ০ ক্রীং ০ ০ হং ০ ০

I পা পা পা । পা পদা ণর্সা I ণা দপা ণদা । পমা মা মা I
বী জ্ ব প নে০ ০র্ বে লা০ ০০ ০০ যে গোল্

I জ্ঞা পা মা । জ্ঞা ঋা জ্ঞা I ঋা সা -া । -া -া -া III
লা গ্ লো অ ব ০ শে ষে ০ ০ ০ ০

মন্দির গান নং-৩৪৬

দেশাত্মবোধক
তাল ঃ দাদ্‌রা (দ্রুতলয়)

সুর | স্বরলিপি | পরেশ চন্দ্র কুরী
কণ্ঠ : প্রতিমা সিংহ রায়

এ' যে আমার সোনার দেশ,
এ' যে আমার প্রেমের দেশ।
বুকে যাহার ঝর্‌ছে সুধা,
যার করুণার নাইক শেষ।
যা'র সেবাতে জীবন দিলে
জীবন নাহি যায়,
একের পরাণ দিলে ঢেলে
লক্ষ পরাণ পায়,
যাহার স্নেহ অতুল অপার,
নাইক' দুখের তুচ্ছ লেশ ॥

ধনী কাঙাল বাছে না ভাই
সবকে কোলে নেয়,
নিজের হাতে উচ্ছ্বসিত
অশ্রু মুছে দেয়,
ভুলিয়ে দেয় সকল ব্যথা,
ভুলিয়ে দেয় সকল ক্লেশ ॥

স্থায়ী

তাল ছাড়া
I পা -া -া -া ণা -া -া র্সা -া -া -া -া র্রর্সা ণপা র্সা -া -া -া -া
আ ০ ০ ০ মা ০ র্ দে ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ শ্

I পা -া -া -া -া মা মা পা -া -া -া মা মা পা -া -া পা জ্ঞা মা জ্ঞ সা
আ ০ ০ ০ ০ মা র্ দে ০ ০ ০ ০ ০ ০ ০ ০ শ্ আ ০ মা র্
সা সা -া -া -া -া -া -া -া
দে ০ ০ ০ ০ ০ ০ ০ শ্

তালে
II র্সা -া র্সা । ণা পা -া I ণা র্সা র্রর্সা । ণা পা -া I
এ ০ যে আ মা র্ সো না ০র্ দে ০ শ্

I পা মা মা । মা মা পা I জ্ঞা মা পমা । জ্ঞা সা সা
এ ০ যে আ মা র্ প্রে মে র্ দে ০ শ্

I সা সা জ্ঞা । জ্ঞা জ্ঞা সা I জ্ঞা মা মা । মা মা মা
বু কে ০ যা হা র্ ঝ র্ ছে সু ধা ০

I পা ণা ণা । ণা ণা পা I ণা র্সা র্সা । র্সা -া র্সা
যা র্ ক রু ণা র্ না ই কো শে ০ ষ্

I র্সা -া র্সা । ণা পা -া I ণা সা র্র্সা । ণা পা -া I
এ ০ যে আ মা র্ সো না ০র্ দে ০ ০

I র্স -া -া । -া -া -া I -া -া -া । -া -া -া II
এ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ শ্

অন্তরা

I { -া -া পা । ণা ণা -া I ণা -া -া । ণা -া -া I
০ ০ যা র্ সে ০ বা ০ ০ তে ০ ০

I -া -া ণা । র্সা র্সা র্র্সা I ণা -া -া । পা -া -া I
০ ০ জী ০ ব ০ন্ দি ০ ০ লে ০ ০

I -া -া পা । র্সা ণা ণা I পা পা মা । জ্ঞা জ্ঞা সা I
০ ০ জী ০ ব ন্ না ০ ০ হি ০ ০

I পা -া -া । -া -া -া I -া -া -া । -া -া -া } I
যা ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ য়

I পা পা পা । পা পা ম I জ্ঞা মা জ্ঞা । সা সা -া I
এ কে র্ প রা ণ্ দি লে ০ ঢে লে ০

I ণা ণা পা । ণা ণা র্রা I র্সা -া -া । র্সা -া -া I
ল ০ ক্ষ প রা ণ্ পা ০ ০ ০ ০ য়্

I পা ণা -া । র্সা র্রা -া I ণা র্সা ণা । পা মা -া I
যা হা র্ স্নে হ ০ অ তু ল্ অ পা র্

I মা পা পা । মা জ্ঞা মা I পা ণা ণা । ণা ণা পা I
না ই ক দু খে র্ তু চ্ ছ্ লে ০ শ্

I ণা র্সা র্সা । র্সা র্সা র্সা I মা জ্ঞা জ্ঞা । মা মা পা I
তু চ্ ছ লে ০ শ্ এ ০ যে আ মা র্

I জ্ঞা মা জ্ঞা । সা সা সা II
প্রে মে র্ দে ০ শ্

২য় অন্তরা

II র্জ্ঞা র্মা র্পর্মা । র্জ্ঞা র্সা র্সা I ণা র্সা র্জ্ঞর্সা । ণা পা -া I
ধ নী ০০ কা ঙা ল্ বা ছে ০০ না ভা ই

I ণা ণা পা । ণা ণা র্রা I র্সা -া -া । র্সা -া র্স I
স ব্ কে কো লে ০ নে ০ ০ ০ ০ য়্

I সা সা মা । মা মা জ্ঞা I পা ণা ণা । ণা ণা -া I
নি জে র্ হা তে ০ উ চ্ ছ সি ত ০

I পা পা মা । জ্ঞা সা জ্ঞা I পা -া -া । -া -া -া I
অ ০ শ্রু মু ছে ০ দে ০ ০ ০ ০ য়্

I পা পা পা । পা মা জ্ঞা I জ্ঞা মা জ্ঞা । সা সা -া I
ভু লি য়ে দে ০ য়্ স ক ল্ ব্য থা ০

I ণা ণা ণা । ণা ণা পা I ণা ণা র্রা । র্সা -া র্সা I
ভু লি য়ে দে ০ য়্ স ক ল্ ক্লে ০ শ্

I মা জ্ঞা জ্ঞা । মা মা পা I জ্ঞা মা জ্ঞা । সা সা সা III
এ ০ যে আ মা র্ প্রে মে র্ দে ০ শ্

বিঃদ্রঃ গান খানি সমবেত কণ্ঠেও গীত হতে পারে। তবে পুরুষ-মহিলা দ্বৈত কণ্ঠে গাহিলে খুবই শ্রুতিমধুর হবে।

মঙ্গল-মুরলী গান নং–২৮৪

ভাটিয়ালী
তাল ঃ কাহারবা

সুর | স্বরলিপি | কণ্ঠ — পরেশ চন্দ্র কুই

তোমার নামে নাও ভাসালাম
অকূল সাগর মাঝে,
তোমার তরী লাগাও তুমি
তোমার নিজের কাজে ॥

জয়-পরাজয় হোক্ না যাহাই,
তোমার লীলাই দেখ্‌তে যে চাই ;
আমার বাহাদুরীর খেলা
দেখ্‌তে চাহি না যে ॥

আমার প্রতি আকাঙ্ক্ষাতে
তোমায় যেন পাই হে সাথে,
তোমার দীপ্ত মূর্ত্তি যেন
অন্তরেতে রাজে।

স্থায়ী

তালছাড়া

I সা সা -া -া -া গা গা মা -া -া পন না -া র্সা -া -া
তো মা র্ ০ ০ না মে ০ ০ ০ নাও ভা ০ সা ০ ০

I র্গা -া -া -া র্রর্গা -া র্রা -া র্সা -া র্সর্গার্রর্সা না -া -া -া না -া
লা ০ ০ ০ ০০ ০ ০ ০ ০ ০ ০০০০ ০ ০ ০ ০ ম্ ০

I না না র্সা র্সা -া র্সনধা -া ধর্সা না ধা পা -া মধপা মা -া গা -া
অ কূ ০ ল সা ০০ ০ গ০ র ০ মা ০ ০০০ ঝে ০ ০ ০

তালে

II -া -া গা গা । মা ধা ধা ণা I পা ণা ধা পা । মা গা রা -া I
০ ০ তো মা র্ ত রী ০ লা ০ গা ও তু ০ মি ০

I -া -া পা মা । গা রা সা গা I রা -া সা -া । সা রা সা ন্‌া I
০ ০ তো মা র্ নি জে র্ কা ০ জে ০ ০ ০ ০ ০

I -া -া প্‌া ন্‌া । ন্‌া সা গা রা I গরা সা সা -া । -া -া -া -া I
০ ০ তো মা র্ নি জে র্ কা০ ০ জে ০ ০ ০ ০ ০

I -া -া সা সা । সা গা গা মা I পা না না না । না -া র্সা র্রা I
০ ০ তো মা র্ না মে ০ না ও ভা ০ সা ০ লা ০

I না র্সা -া -া । -া -া র্সা র্রা I র্সা -া না -া । -া -া -া ধা I
০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ম্

I -া -া না না । র্সা র্সা র্সা নধা I ধা র্সা না ধা । পা পা মা পপা I
০ ০ অ কূ ০ ল সা ০০ গ ০ র ০ মা ০ ০ ০

I মা -া গা -া । -া -া -া -া I -া -া গা গা । মা ধা ধা ণা I
ঝো ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ তো মা র্ ত রী ০

I পা ণা ধা পা । মা গা রা -া I -া -া পা মা । গা রা সা গা I
লা ০ গা ও তু ০ মি ০ ০ ০ তো মা র্ নি জে র্

I রা -া সা -া । সা রা সা ন্‌া I -া -া প্‌া ন্‌া । ন্‌া সা গা রা I
কা ০ জে ০ ০ ০ ০ ০ ০ ০ তো মা র্ নি জে র্

I গরা রা সা -া । -া -া -া -া II
কা০ ০ জে ০ ০ ০ ০ ০

অন্তরা

II { -া -া পা ণা । ধা পা মা গা I গা মা মা পা । পা -া পা -া I
০ ০ জ য় প রা জ য় হো ক্ না ০ যা ০ হা ই
০ ০ আ ০ মার প্র তি ০ আ ০ কা ঙ্ খা ০ তে ০

I -া -া পা ধা । র্সা র্সা র্সা -া I র্সা র্রা র্রা র্গা । র্রা -া র্সা -া I
০ ০ তো মা র্ লি লা ই দে খ্ তে ০ যে ০ চা ০
০ ০ তো মা য় যে ন ০ পা ই হেঁ ০ সা ০ থে ০

[-া -া -া -া । -া -া -া -া]
I (-া -া -া -া । র্স না ধা পা) I -া -া { র্সা র্রা । র্রা র্মা র্গা র্গা I
০ ০ ০ ০ ০ ০ ০ ই ০ ০ তো মা র্ বা হা ০
০ ০ ০ ০ ০ ০ ০০ ০ ০ ০ তো মা র্ দীপ্ ত ০

I র্রা র্রা র্সা র্সা । না না ধা -া I -া -া ধর্রা র্সা । না ধা পা পা I
দু ০ রী র্ খে ০ লা ০ ০ ০ দে০ খ্ তে চা ০ হি
মূ র্ ত্তি ০ যে ০ ন ০ ০ ০ অন্ ত ০ রে তে ০

[মা -া গা -া]
I পা -া পা -া । (-া -া -া -া) I -া -া গা গা । মা ধা ধা ণা I
না ০ যে ০ ০ ০ ০ ০ ০ ০ তো মা র্ ত রী ০
রা ০ জে ০ ০ ০ ০ ০

I পা ণা ধা পা । মা গা রা -া I -া -া পা মা । গা রা সা গা I
লা ০ গা ও তু ০ মি ০ ০ ০ তো মা র্ নি জে র্

I রা -া সা -া । সা রা সা ন্‌া I -া -া প্‌া ন্‌া । ন্‌া সা গা রা I
কা ০ জে ০ ০ ০ ০ ০ ০ ০ তো মা র্ নি জে র্

I গরা রা সা -া । -া -া -া -া III
কা০ ০ জে ০ ০ ০ ০ ০

মন্দির গান নং-১৪৭

রাগ ঃ ইমন
তাল ঃ তেওড়া

সুর : সুধীর সরকার
স্বরলিপি : পরেশ চন্দ্র কুরী
কণ্ঠ : শাকিলা জাফর

সাধ মহানাম জগৎ-কল্যাণে,
জ্বালাও অনল পরাণে পরাণে ;
ছিঁড়িয়া মোহের মদির-বন্ধনে
কর আগুয়ান্ প্রাণ-বলিদানে ॥

সুখের কামনা দাও ভুলাইয়া,
আঁখির সলিল দাও মুছাইয়া,
অসীম আবেগে লহ মাতাইয়া,
কর ব্রতধারী পরম-সাধনে ॥

সাধ যদি নাম করি' দৃঢ় পণ
জড় দেহ মাঝে জাগিবে জীবন,
কঠিন পাষাণ করি বিদারণ
ঝরিবে নির্ঝর জলদ-গর্জ্জনে ॥

স্থায়ী

II { র্সা র্সা র্সনা । ধনা ন ঃধ । পক্ষ পা I ঃক্ষ প না ধা । পক্ষ পা । গা গা I
সা ধ ম০ হা০ ০ না০ ম্ জ গ ত ক০ ল্ ল্যা নে

I রা গা রা । গা ধা । পা পা I রা গা রা । সন্া রা । সা সা } I
জ্বা লা ও অ ০ ন ল প রা ণে প০ ০ রা ণে

I -া সরা গক্ষা । ক্ষা ক্ষা । ক্ষা ক্ষা I -া ক্ষক্ষা ক্ষপা । গক্ষা ধা । পা পা I
০ ছিঁড়ি য়া০ মো ০ হে র্ ০ মদি র০ ব০ ন্ ধ নে

I -া ক্ষপা ধনা । না -া । না -া I ঃন না নর্সা । নর্সা র্রা । র্সা র্সা II
০ কর আ০ গু ০ য়া ন্ প্রা ণ ব০ লি০ ০ দা নে

অন্তরা

II { পা ধা পা । র্সা -া । র্সা র্সা I -া র্সা ন না । র্রা র্রা । র্সা র্সা I
সু খে র কা ০ ম না ০ দাও ভু লা ০ ই য়া
সা ধ য দি ০ না ম্ ০ করি দৃ ঢ় ০ প ণ্

[ণা] [ধ]
I না র্সা ধা । র্সা না । র্রা র্রা I র্সা না র্সা । ধা (-া) । (পা) পা } I
আঁ খি র স ০ লি ল দা ও মু ছা ০ ই য়া
জ ড় দে হ ০ মা ঝে জা গি বে জী ০ ব ০ন

[ণা] [ধা]
I { র্গা র্গা র্মা । র্রা র্রা । র্সা র্সা I না র্সা র্সা । ণধা (-া) । (পা) পা } I
অ সী ম আ ০ বে গে ল হ মা তা ০ ই য়া
ক ঠি ন পা ০ ষা ণ ক রি বি দা ০ র ণ

I পা ধা ধনা । না -া । না -া I না না র্সা । ধনা র্রা । র্সা র্সা III
ক র ব্র০ ত ০ ধা রী প র ম সা০ ০ ধ নে
ঝ রি বে০ নি র্ ঝ র জ ল দ গ০ র্ জ নে

মন্দির গান নং-২৫৯ রাগ ঃ ভৈরবী সুর : জীবন সরকার
তাল ঃ দাদ্‌রা স্বরলিপি : পরেশ চন্দ্র কুরী
কণ্ঠ : শাম্মী আক্তার

আসিবে সেদিন আসিবে,
রমণী যেদিন দেবী-প্রতিভায়
যত মলিনতা নাশিবে ॥

কত মহীয়সী মহিলার দল
পুরুষ জাতিরে বিতরিবে বল,
ভগবৎ-প্রেম-অমিয়ে সবারে
ভাসাবে, নিজেরা ভাসিবে ॥

লালসা, কলুষ, নীচতা, হীনতা,
সকলি করিবে দূরিত,
উন্নত-শির মানব-জাতিতে
জগৎ করিবে পূরিত,
নব-সৃজনের হরষে সবারে
হাসাবে, নিজেরা হাসিবে ॥
ধর্ম্মে-কর্ম্মে জ্ঞান-গরিমায়
দিবে এ ধরণী ভরিয়া,
অতীতের শত ধ্বংসের মাঝে
নূতন পৃথিবী গড়িয়া।
যাহা কিছু আছে মঙ্গলহীন,
বাষ্পরাশিতে ক'রে দেবে লীন ;
অশিব অদেব অসুন্দরেরে
চরণের ভারে ত্রাসিবে ॥

জীর্ণ করিয়া মৃত্যু-গরল
অমৃতের হবে জননী,
বিশ্ব জুড়িয়া সন্তানদের
পীযূষে পূরিবে ধমনী,
চির-অনাময় করিয়া জীবন
আনন্দময় করিবে মরণ,
পতন-বিহীন মোহ-বিনাশন
স্নেহ দিয়া ভালবাসিবে ॥

স্থায়ী

II { দ্‌া ণ্‌া সা । রা জ্ঞা মা I মজ্ঞা মা মা । মা -া -া I
আ সি বে সে দি ন্‌ আঽ ০ সি বে ০ ০

I সা ^স^মা মা । মা মপা দপা I মা মপা মা । জ্ঞরা জ্ঞা -া I
র ম ণী যে দি০ ০ন্‌ দে বী০ প্র তি০ ভা য়্‌

I পা পণা ণা^দ^ । দা পা মা I মা পমা জ্ঞরা । জ্ঞা -া -া I
য ত০ ম লি ন তা না ০০ শি০ বে ০ ০

I দ্‌া ন্‌া সা । রা জ্ঞরা জ্ঞা I সঋা জ্ঞমজ্ঞা ঋা । সা -া -া } II
আ সি বে সে দি০ ন্‌ আ০ ০০০ সি বে ০ ০

অন্তরা

II জ্ঞা মা মা । মণা দা ণা I ণা র্সা ণা । র্সা র্সা র্সা I
ক ত ম হী০ য় সী ম হি লা র্‌ দ ল্‌
যা হা কি ছু০ আ ছে ম ং গ ল্‌ হী ন্‌

I দা ণা র্সা । র্জ্ঞা র্রা র্জ্ঞা I র্সা র্ঋা র্জ্ঞা । র্ঋা র্সা -া I
পু রু ষ্‌ জা তি রে বি ত রি বে ব ল্‌
বা ষ্‌ প রা শি তে ক রে দে বে লী ন্‌

I { ণা ণা র্সা । -া র্ঋা সর্ণা I ণা র্সা ণা । দণা^দ^ ৹দ পা } I
ভ গ ব ৎ প্রে ০ম্‌ অ মি য়ে স০ বা রে

I ণা ণা র্সা । র্সা র্সা র্ঋর্সা I ণা র্সা ণা । দণা^দ^ ৹দ পা }
অ শি ব অ দে ব০ অ সুন্‌ দ রে০ রে ০

I পা ণা ণদা । দা পা মা I মা পমা জ্ঞরা । জ্ঞা -া -া II
ভা সা বেo নি জে রা ভা oo সিo বে o o
চ র ণেo র ভা রে ত্রা oo সিo বে o o

সঞ্চারী

II ণ্‌া সা সা । ণ্‌া দ্‌া ণ্‌া I সা জ্ঞা জ্ঞা । ঋর জ্ঞা জ্ঞা I
লা ল সা । ক লু ষ I নী চ তা । হী ন তা
ধ র্‌ মে ক র্‌ মে জ্ঞা ন্‌ গ রি মা য়

I সা ঋা জ্ঞা । ঋজ্ঞ মা মা I মা -া মগা । মা -া -া I
স ক লি ক রি বে দূ o রিo ত o o
দি বে এ ধ র ণী ভ o রিo য়া o o

I জ্ঞা -া জ্ঞা । ঋা ঋা ঋা I সা সা ণ্‌দ্‌া । ণ্‌া সা সা I
উ o ন্ন ত শি র্‌ মা ন oব্‌ জা তি তে
অ তী তে র্‌ শ ত ধ ং শেo র্‌ মা ঝে

I দ্‌া ণ্‌া সা । ঋা জ্ঞরা জ্ঞা I সঋা জ্ঞমজ্ঞা ঋা[স] । সা -া -া I
জ গ ত ক রিo বে পূo ooo রি ত o o
নূ ত ন পৃ থিo বী গo ooo ড়ি য়া o o

I দা র্সা র্সা । র্সা র্সঋা র্সণা I ণা ণর্সা ণা । দণা দপা -া I
ন ব সৃ জ নে oর্‌ হ রo ষে সo বাo রে

I পা পণা ণা[দ] । দা পা মা I মা পমা জ্ঞরা । জ্ঞা -া -া III
হা সাo বে নি জে রা হা oo সিo বে o o

বিঃদ্রঃ - জীর্ণ করিয়া....................ধমনী পর্যন্ত সুর সঞ্চারীর চার লাইনের মত এবং চির অনাময়..........
ভালবাসিবে পর্যন্ত সুর অন্তরার মত।

মন্দির গান নং-১৬৪

বাউল / ঝিঁঝিট

তাল ঃ দাদ্‌রা (দ্রুতলয়)

সুর : সুঁধীর সরকার
স্বরলিপি : পরেশ চন্দ্র কুরী
কণ্ঠ : রবীন্দ্রনাথ সরকার

চোখের দেখা দেখ্‌লি শুধু
প্রাণের দেখা দেখলি না রে।
মনের কোণে থাক্‌তে রতন
রইলি ডুবে অন্ধকারে ॥

বাহির-জোড়া গণ্ডগোলে
রইলি রে তুই আসল ভুলে,
নকল নিয়েই নাকাল হলি
এখন মরিস্‌ হাহাকারে ॥

রূপ-রসে তোর মজল্‌ হৃদয়,
জীবন তাতেই করলি রে ক্ষয়,
শেষের কথা ভাব্‌লি না তাই
বক্ষ ভাসে অশ্রু-ধারে ॥

যাঁর হাসিতে জগৎ হাসে,
ভুললি তাঁরে অনায়াসে,
বদ্ধ হ'য়ে মোহের ফাঁসে
রুদ্ধ র'লি কারাগারে ॥

স্থায়ী

II	সা	সা	সা	।	গা	গা	গা	I	গা	গা	মা	।	ধা	ধা	[ণ]ধা	I
	চো	খে	র্		দে	খা	০		দে	খ্	লি		শু	ধু	০	
I	পা	মা	গা	।	রা	সা	ণ্া	I	ণ্া	ণ্া	সা	।	সা	গা	রা	I
	প্রা	ণে	র্		দে	খা	০		দে	খ্	লি		না	রে	০	
I	রা	সা	-া	।	-া	-া	-া	I	পা	পা	র্সা	।	র্সা	র্সা	[র্]র্সা	I
	০	০	০		০	০	০		ম	নে	র্		কো	ণে	০	
I	ণা	-া	ণা	।	ধা	পা	মা	I	পা	পা	ণা	।	ধা	পা	ধপা	I
	থা	ক্	তে		র	ত	ন্		র	ই	লি		ডু	বে	০০	
I	মা	গা	মা	।	ধা	ধা	ণধা	I	পা	মা	গা	।	রা	সা	ণ্া	I
